# আন-নাজম | An-Najm | ٱلنَّجْم

আয়াতঃ ৫৩ : ৫৩

## আরবি মূল আয়াত:

وَ الۡمُؤۡتَفِکَۃَ اَهۡوٰی ﴿۵۳﴾

## অনুবাদসমূহ:

আর তিনি উল্টানো আবাসভূমিকে* নিক্ষেপ করেছিলেন। — আল-বায়ান

তিনি (লূত জাতির) উল্টানো আবাস ভূমিকে উঠিয়ে নিক্ষেপ করেছিলেন, — তাইসিরুল

উৎপাটিত আবাস ভূমিকে উল্টিয়ে নিক্ষেপ করেছিলেন। — মুজিবুর রহমান

And the overturned towns He hurled down — Sahih International

* সামূদ সম্প্রদায়ের জনপদ।

### ৫৩. আর তিনি উল্টানো আবাসভূমিকে নিক্ষেপ করেছিলেন(১),

(১) مُؤْتَفِكَةً এর অর্থ, উল্টোকৃত। লুত আলাইহিস সালাম তাদের প্রতি প্রেরিত হন। অবাধ্যতা ও নির্লজ্জতার শাস্তিস্বরূপ জিবরীল আলাইহিস সালাম তাদের জনপদসমূহ উল্টে দেন। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

### (৫৩) তিনি উৎপাটিত (মু’তাফিকা) আবাস ভূমিকে উল্টিয়ে দিয়েছিলেন। [1]

[1] এ থেকে লূত (আঃ)-এর সেই জনপদকে বুঝানো হয়েছে, যা তাদের উপর উল্টে দেওয়া হয়েছিল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4837

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন